তারিখ ... 22 APR 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২

দৈনিক সংবাদ

# বন্ধ পথকলি বিদ্যালয় আবার চালু হচ্ছে

বান্দরবান, ২১শে এপ্রিল (নিজস্ব সংবাদদাতা)। — দেশের ৬৪টি জেলা সদরে পথকলি বিদ্যালয় আবার চালু করার জন্য শিক্ষা মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করেছে। জেলা প্রশাসকের কাছে পাঠানো নির্দেশপত্রে শিক্ষা সচিব ও পথকলি ট্রাস্টের ভাইস চেয়ারম্যান শফিউল আলম ইতিপূর্বে বন্ধ ঘোষিত পথকলি বিদ্যালয়গুলো পুনঃ চালু করার অনুরোধ জানিয়েছেন। গত ১লা মার্চ এ নির্দেশপত্র পাঠানো হয়।

শিক্ষাসচিব জেলা প্রশাসকদের উদ্দেশ্যে, চিঠিতে উল্লেখ করেন, বাধ্যতামূলক সার্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ৬৪টি জেলা সদরের সদর উপজেলাসমূহে ''পথ-কলি বিদ্যালয়'' আবার চালু করার সরকারী সিদ্ধান্ত নেয়া হয়েছে। বিদ্যালয়গুলোর পরিচালনার দায়িত্বভার জেলা প্রশাসকদের ওপর ন্যস্ত করা হয়েছে।

চিঠিতে উল্লেখ করা হয়, বর্তমান সরকার ক্ষমতায় অধিষ্ঠিত হবার পর পথকলি ট্রাস্টের পরিচালনার সার্বিক দায়িত্বভারও গ্রহণ করে। সেই ভিত্তিতে প্রত্যেকটি জেলা সদরের সদর উপজেলাসমূহে পথকলি বিদ্যালয় আবার চালু করার পদক্ষেপ নেয়া হয়েছে। ছিন্নমূল ও কর্মজীবী বালক-বালিকাদের সমাজে প্রতিষ্ঠিত করার উদ্দেশ্যে উক্ত পথকলি ট্রাস্টি গঠন করা হয়।

পথকলি বিদ্যালয়সমূহ সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্যে জেলা প্রশাসকদের প্রতি অনুরোধ জানানো হয়। যে সকল জেলায় পথকলি বিদ্যালয়ের কার্যক্রম বন্ধ হয়ে গেছে সে সকল জেলা সদরে বন্ধকৃত পথকলি বিদ্যালয়গুলো পুনঃ চালু করার জন্যও অনুরোধ জানানো হয়েছে।